

LMS-এ রেজিস্টার্ড মোবাইল নম্বর পরিবর্তনের বিষয়ে নির্দেশনা

LMS-এ গণপূর্ত অফিস সমূহের মোবাইল নম্বর রেজিস্ট্রেশন ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। নিরাপত্তার স্বার্থে অনলাইনে রেজিস্ট্রেশন কার্যক্রম বর্তমানে বন্ধ রয়েছে।

বদলি বা অন্য কোন অনিবার্য কারণে LMS-এ রেজিস্টার্ড মোবাইল নম্বর পরিবর্তনের প্রয়োজন হলে https://apps.pwd.gov.bd/lms/officer_change_request.php লিংকে ঢুকতে হবে।

কে আবেদন করতে পারবেন

1. শুধুমাত্র বর্তমানে কর্মরত নির্বাহী প্রকৌশলী এই অনুরোধ দাখিল করতে পারবেন।
2. বর্তমানে কর্মরত নির্বাহী প্রকৌশলী বদলি হয়েছেন এরূপ ক্ষেত্রে তিনি নিজের পরিবর্তে সদ্য যোগদানকৃত কর্মকর্তার নাম ও মোবাইল নম্বর রেজিস্ট্রেশনের জন্য সুপারিশ সহ আবেদন প্রেরণ করবেন।
3. বর্তমানে কর্মরত নির্বাহী প্রকৌশলী তার অধীনস্থ নতুন যোগদানকৃত উপ-বিভাগীয় প্রকৌশলীর মোবাইল নম্বর নিবন্ধনের জন্য সুপারিশ সহ আবেদন প্রেরণ করবেন।

আবেদন করার ধাপসমূহ

1. https://apps.pwd.gov.bd/lms/officer_change_request.php পেইজে প্রবেশ করুন।
2. নির্বাহী প্রকৌশলীর নাম, অফিসিয়াল ইমেইল এবং বর্তমানে LMS-এ নিবন্ধিত মোবাইল নম্বর দিন।
3. তথ্য যাচাই করুন বাটনে ক্লিক করুন।
4. আপনার রেজিস্টার্ড মোবাইল নম্বরে একটি OTP পাঠানো হবে।
5. ৫ মিনিটের মধ্যে প্রাপ্ত OTP লিখে OTP যাচাই করুন বাটনে ক্লিক করুন।
6. OTP সফলভাবে যাচাই হলে অনুরোধের বাকি তথ্য পূরণ করুন।
7. অনুরোধটি কার জন্য অংশে প্রয়োজন অনুযায়ী নির্বাচন করুন:
 - নতুন যোগদানকৃত নির্বাহী প্রকৌশলীর
 - নতুন যোগদানকৃত উপ-বিভাগীয় প্রকৌশলীর
8. সংশ্লিষ্ট কর্মকর্তার নাম লিখুন।

9. যে মোবাইল নম্বরটি LMS-এ রেজিস্টার করতে চান, সেটি অনুরোধকৃত নতুন মোবাইল নম্বর ঘরে লিখুন।
10. যদি উপ-বিভাগীয় প্রকৌশলীর জন্য আবেদন করেন, তবে তার ইমেইল নির্বাচন করুন এবং বর্তমান কর্মকর্তার মোবাইল নম্বর ও নতুন কর্মকর্তার মোবাইল নম্বর দিন।
11. প্রয়োজনীয় ডকুমেন্ট সংযুক্ত করুন। সিস্টেমে PDF/JPG/JPEG/PNG ফাইল গ্রহণযোগ্য।
12. সব তথ্য ঠিক থাকলে অনুরোধ প্রেরণ করুন বাটনে ক্লিক করুন।

গুরুত্বপূর্ণ শর্তাবলি

1. OTP যাচাই ছাড়া আবেদন জমা দেওয়া যাবে না।
2. ইমেইল ও বর্তমান মোবাইল নম্বর LMS-এর নিবন্ধিত তথ্যের সঙ্গে না মিললে আবেদন গ্রহণ হবে না।
3. একসঙ্গে একটি pending আবেদন থাকা অবস্থায় নতুন আবেদন করা যাবে না।
4. উপ-বিভাগীয় প্রকৌশলীর ক্ষেত্রে নির্বাচিত ইমেইল অবশ্যই LMS-এ নিবন্ধিত হতে হবে এবং সংশ্লিষ্ট XEN অফিসের অধীন হতে হবে।
5. প্রয়োজনীয় ডকুমেন্ট সংযুক্ত না করলে আবেদন দাখিল সম্পন্ন হবে না।

আবেদন অনুমোদনের পর যা হবে

1. প্রমাণকসহ আবেদনটি যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক পর্যালোচনা করা হবে।
2. অনুমোদনের পর LMS-এ রেজিস্টার্ড মোবাইল নম্বর হালনাগাদ করা হবে।
3. মোবাইল নম্বর পরিবর্তনের সঙ্গে সঙ্গে পূর্বের পাসওয়ার্ড নিষ্ক্রিয় হয়ে যাবে।
4. পুরোনো ও নতুন মোবাইল নম্বরে প্রয়োজনীয় SMS পাঠানো হবে।
5. নতুন মোবাইল নম্বর ব্যবহার করে https://apps.pwd.gov.bd/lms/forgot_password.php এর মাধ্যমে ব্যবহারকারী পাসওয়ার্ড রিসেট করবেন।